

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর

স্মারক নং-আশিবো/প্রশা/২০১০/৭২

তারিখ: ০৯.০৮.২০১৮ খ্রি:


বিষয়: ২০১৮ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার সময়সূচি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৮ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

বিষয় পরীক্ষা শুরুর সময় সকাল ১০টা	বিষয় কোড	তারিখ ও দিন	বিষয় পরীক্ষা শুরুর সময় বিকাল ২টা	বিষয় কোড
১। বাংলা	১০১	০১/১১/২০১৮ বৃহস্পতিবার	X	
২। বাংলা - ১ম পত্র (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১০২	০৩/১১/২০১৮ শনিবার	X	
১। বাংলা - ২য় পত্র (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১০৭	০৪/১১/২০১৮ রবিবার	X	
১। ইংরেজি	১০৮	০৫/১১/২০১৮ সোমবার	X	
২। ইংরেজি - ১ম পত্র (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১০৯	০৬/১১/২০১৮ বৃহস্পতিবার	X	
১। ইংরেজি - ২য় পত্র (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১২৭	১০/১১/২০১৮ শনিবার	X	
১। গণিত	১৫৫	১১/১১/২০১৮ রবিবার	X	
১। বিজ্ঞান	১৫০	১২/১১/২০১৮ সোমবার	X	
১। কর্ম ও জীবনমুখী শিক্ষা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১৩৪	১৩/১১/২০১৮ মঙ্গলবার	১। শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১৪৭
২। গার্হস্থ্য বিজ্ঞান	১৫১			
৩। আরবি	১২১			
৪। সংস্কৃত	১২৩			
৫। পালি	১২৪			
১। ইসলাম ও নৈতিক শিক্ষা	১১১	১৪/১১/২০১৮ বুধবার	X	
২। হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা	১১২			
৩। বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা	১১৩			
৪। খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা	১১৪			
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	১৫/১১/২০১৮ বৃহস্পতিবার	১। চারু ও কারুকলা (অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)	১৪৮

বিশেষ নির্দেশাবলি :

- ১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- ২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৩। সৃজনশীল ও বহুনির্বাচনি পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- ৪। নিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা, কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত, পালি বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবে। পরীক্ষার্থীর রোলনম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষা চলাকালীন বোর্ডের ওয়েবসাইটে অনলাইনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।
- ৫। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- ৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ৭। পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।
- ৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৯। পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
- ১০। কেন্দ্রে সচিব ব্যতীত অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।



তপন কুমার সরকার

আহবায়ক

আন্ত: শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটি

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৬৯৮১৫